গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.০৬.০০১.১৯- ১৬৬

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৭ ব: / ০৯ জুন ২০২০ খ্রি:

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন সুরক্ষা সেবা বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন সুরক্ষা সেবা বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের মে/২০২০ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ০৪ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৯/০৬/২০২০
(শিরিন আখতার)
সিনয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
(দৃঃ আঃ জনাব মোহাম্মদ মমিনুর রহমান, পরিচালক-১২)।
২. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
১৩. অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন/অগ্নি/উন্নয়ন/মাদক/কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪. অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
১৬. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৭. যুগ্মসচিব (প্রশাসন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৮. পরিচালক (পূর্ত) ই ইন সিজ ব্রাঞ্চ, ওয়ার্কস ডাইরেক্টরেট, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের মে ২০২০ মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ০৪ জুন ২০২০ |
| সময় ও স্থান | : | বেলা ১১.০০ টা (Zoom Cloud Meeting) |

সভায় উপস্থিতি: সভায় বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা কমিশন, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি, মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন, প্রশাসন ও অর্থ, কারা ও উন্নয়ন), যুগ্মসচিব (অগ্নি/মাদক নিয়ন্ত্রণ) ও উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ ও সকল প্রকল্প পরিচালক সভায় অংশগ্রহণ করেন।

সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি বর্তমান করোনা সংক্রমণ পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে উন্নয়ন প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য পুনরায় সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

১২.০৫.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক এডিপি সভার কার্যবিবরণী পাঠান্তে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

০৩। দপ্তর/সংস্থাওয়ারি প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা :

(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :

| ক্রমিক | প্রকল্পের নাম | ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ | মে ২০২০ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|
| (১) | ৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন প্রকল্প | ৫০০.০০ | ০.৮৮ (০.১৭%) |
| (২) | The project for illicit Drug Eradication and Advanced Management through It (I DERAM it) প্রকল্প | ৫.০০ | - |

(খ) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর :

| ক্রমিক | প্রকল্পের নাম | ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ | মে ২০২০ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|
| (১) | ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প | ১৫০০.০০ | ৫৭০.৩৩ (৩৮.০২%) |
| (২) | বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প | ৪১০০০.০০ | ১০৬৩.৩০ (২.৫৯%) |
| (৩) | ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প | ৩০০০.০০ | ৭৪৩.৯২ (২৪.৭৯%) |

(গ) কারা অধিদপ্তর :

| ক্রমিক | প্রকল্পের নাম | ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ | এপ্রিল ২০২০ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|
| (১) | খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প | ২৫৬০.০০ | ৬৮৭.০০ (২৬.৮৩%) |
| (২) | কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ প্রকল্প | ২২০০.০০ | ৯৩৪.০০ (৪২.৪৫%) |
| (৩) | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ২৬০০.০০ | ১৪৩৭.০০ (৫৫.২৬%) |
| (৪) | কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প | ৭৯৪.০০ | - |
| (৫) | পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প | ৩০০.০০ | ১৭.৪৯ (৫.৮৩%) |
| (৬) | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প | ২০০০.০০ | ১৪.৯০ (০.৭৪%) |
| (৭) | নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প | ৪০.০০ | - |

(ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :

| ক্রমিক | প্রকল্পের নাম | ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ | এপ্রিল ২০২০ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|
| (১) | দেশের গুরুত্বপূর্ণ বিভিন্ন উপজেলা/স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প | ২১৮০০.০০ | ৭২১৭.৮০ (৩৩.১০%) |
| (২) | দেশের গুরুত্বপূর্ণ ২৫টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প | ৬৫৮৭.০০ | ২৩৯১.৯১ (৩৬.৩১%) |
| (৩) | ১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প | ১৬০০০.০০ | ১৯২৭.০৭ (১২.০৪%) |
| (৪) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরী ইউনিট সম্প্রসারণ প্রকল্প | ৪৮০৩.০০ | ২৭.০৩ (০.৫৬% |
| (৫) | Strengthening Ability of Fire Emergency Response (SAFER) Project প্রকল্প | ৪৫০০.০০ | (২১১.০৭) (৪.৬৭%) |

০৪। আরএডিপি'র জাতীয় গড় অগ্রগতির (৪৯.১৩%, এপ্রিল/২০ পর্যন্ত) তুলনায় সুরক্ষা সেবা বিভাগের অগ্রগতি (১৯.৮০%, মে/২০ পর্যন্ত) অত্যাধিক কম হওয়ায় সভাপতি অসন্তোষ ব্যক্ত করেন এবং অর্থ বছরের বাকী দিনগুলোতে অগ্রগতির হার আশানুরূপ না হলে এবং নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দের শতভাগ অর্থ যথাযথ নিয়মে ব্যয় করতে না পারলে প্রকল্প বাস্তবায়নের ব্যর্থতার দায় প্রকল্প পরিচালকের ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে বলে তিনি উল্লেখ করেন। সভায় ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত এডিপিতে বরাদ্দের বিপরীতে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি জাতীয় গড় অগ্রগতি অপেক্ষা অনেক কম হওয়ায় সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের নিকট ব্যাখ্যা চাওয়ার নির্দেশনা দেয়া হয়।

০৫। প্রকল্প পরিচালকগণ জানান, তারা প্রকল্পের পূর্ত কাজ বাস্তবায়নের বিষয়ে গণপূর্ত বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সাথে নিয়মিত যোগাযোগ রাখছেন। এপিল-মে ২০২০ পর্যন্ত সরকারের সাধারণ ছুটির কারণে শ্রমিক এবং নিমার্ণ সামগ্রীর সরবরাহ না থাকায় পূর্ত কাজ মূলত বন্ধ ছিল বলে গণপূর্ত বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন। তিনি জানান, এখন পুনরায় পূর্ত কাজ শুরু হচ্ছে। প্রকল্পসমূহের পূর্ত কাজের সুষ্ঠু বাস্তবায়নসহ প্রকল্পের অর্থ শতভাগ ব্যয়ে সহযোগিতা করার জন্য গণপূর্ত বিভাগকে অনুরোধ করা হয়।

০৬। নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতি মোকাবিলায় ২০১৯-২০ অর্থবছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে সভাপতি জানান, ২০১৯-২০২০ অর্থবছরের আরএডিপি বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগ হতে গত ২২.৪.২০২০ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী 'মধ্যম অগ্রাধিকার (দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি)

উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প, ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প ও খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্প)' এবং 'নিম্ন অগ্রাধিকার (১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প, নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প, পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ এ পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প ও ৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন প্রকল্প)' সংশ্লিষ্ট প্রকল্পসমূহের অর্থছাড় এবং ব্যয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় ক্ষেত্রে মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতির জন্য প্রস্তাব অতি সত্বর মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৭। <u>বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়</u> :

(৭.১) ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত এডিপিতে বরাদ্দের বিপরীতে যে সকল প্রকল্পের অগ্রগতি জাতীয় গড় অগ্রগতি অপেক্ষা অনেক কম- সে সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগণকে ব্যাখ্যা প্রদানের জন্য পত্র দিতে হবে;

(৭.২) চলমান সাধারণ ছুটির মধ্যে সরকারি বিধি নিষেধ মান্য করে পূর্ত কাজ চলমান রাখার বিষয়ে সকলকে সচেষ্ট হতে হবে:

(৭.৩) যে সকল প্রকল্প সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে এবং সময় মেয়াদ বৃদ্ধি করতে হবে সে সকল প্রকল্পের ডিপিপি অতি দ্রুত সংশোধনের আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন করে আরডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করতে হবে;

(৭.৪) ১১ মর্ডাণ ফায়ার স্টেশন প্রকল্পের আন্তর্জাতিক দরপত্র প্রক্রিয়া করে জুন এর প্রথম সপ্তাহে সিসিজিবি'র অনুমোদনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(৭.৫) যে সকল প্রকল্পের জমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন আছে, সে সকল প্রকল্পের জমির মূল্য পরিশোধের জন্য জেলা প্রশাসক মহোদয়দের সাথে দ্রুত যোগাযোগ করে চলতি অর্থ বছরে অর্থ প্রদান করতে হবে;

(৭.৬) প্রকল্পের কাজের অগ্রগতি (আর্থিক ও ভৌত) জাতীয় গড় অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণ করা, প্রকল্পের ওয়ার্ক প্ল্যান এবং প্রকিউরমেন্ট প্ল্যান যথাযথভাবে বাস্তবায়ন এবং তা নিয়মিত হালনাগাদ করা;

(৭.৭) প্রকল্পের বিপরীতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত না হলে বিষয়টিকে প্রকল্প পরিচালকের ব্যক্তিগত দায় হিসেবে গণ্য করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(৭.৮) প্রকল্পসমূহের পূর্ত কাজের সুষ্ঠু বাস্তবায়নসহ প্রকল্পের অর্থ শতভাগ ব্যয়ে গণপূর্ত বিভাগ কর্তৃক সহযোগিতা প্রদান করা;

(৭.৯) নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতিতে ২০১৯-২০২০ অর্থবছরের আরএডিপি বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগ হতে গত ২২.৪.২০২০ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী মধ্যম অগ্রাধিকার এবং নিম্ন অগ্রাধিকার সংশ্লিষ্ট প্রকল্পসমূহের অর্থছাড় এবং ব্যয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় ক্ষেত্রে মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতির জন্য প্রস্তাব অতি সত্বর মন্ত্রণালয়ে প্রেরণ করা;

(৭.১০) ১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের ক্রয়কার্য পিপিআর এবং সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা;

(৭.১১) প্রকল্প রিভিশন, প্রকল্পের জমি অধিগ্রহণ, প্রকল্প সংক্রান্ত মামলা/মোকদ্দমা, প্রকল্পের ওয়ার্ক প্ল্যান/প্রকিউরমেন্ট প্ল্যান বাস্তবায়ন সংক্রান্তে ইতোপূর্বের সিদ্ধান্ত বাস্তবায়ন না হওয়ায় সভায় অসন্তোষ ব্যক্ত করা হয় এবং এ সকল কার্যক্রম জরুরি ভিত্তিতে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট পিডিগণকে পুনরায় জরুরি নির্দেশনা প্রদান করা হয়।

০৮। পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সচিব